To get free Live Classes, Materials Scan this QR Code & Download our Adda247 App

## 28 September 2023
## International & National News

| | |
|---|---|
| কাফালা ব্যবস্থা<br><br><br><br> | খবরে কেন?<br><br>মিডিয়া রিপোর্টগুলি উপসাগরীয় দেশগুলির অবকাঠামো এবং মধ্যপ্রাচ্যে পরিযায়ী শ্রমিকদের কাজের পরিস্থিতি এবং মৃত্যুর উপর দৃষ্টি নিবদ্ধ করেছে।<br><br>কাফালা ব্যবস্থা কি?<br><br>• এটি একটি স্পনসরশিপ সিস্টেম যা পরিযায়ী শ্রমিকদের একজন নিয়োগকর্তার সাথে সংযুক্ত করে<br><br>• উপসাগরীয় দেশগুলির মতো পশ্চিম এশিয়ার অনেক দেশে এটি প্রচলিত রয়েছে<br><br>• এটি **1950** এর দশকে আবির্ভূত হয়<br><br>•অর্থনৈতিক উত্থানের সময় অস্থায়ী এবং পালাক্রমে শ্রমিক প্রদান করা হলো এটির মূল উদ্দেশ্য<br><br>• কাফালা ব্যবস্থা পরিযায়ী শ্রমিক, নিয়োগকর্তা এবং চুক্তিভিত্তিক সময়ের উপর ভিত্তি করে গঠিত হয়েছে<br><br>• একজন পরিযায়ী শ্রমিক তার নিয়োগকর্তার কাছে আইনত আবদ্ধ থাকে।<br><br>• একজন শ্রমিক নিয়োগকর্তার অনুমতি ছাড়া দেশে প্রবেশ করতে বা ত্যাগ করতে পারবে না<br><br>তুমি কি জানতে?<br><br>**ILO** রিপোর্টে একে বলা হয়েছে 'আধুনিক সময়ের দাসত্ব'। |
| **ILO**-র ফোর্সড লেবার কনভেনশন/**C29** | এটি বাধ্যতামূলক শ্রম বিলোপের জন্য ILO-র আটটি মৌলিক কনভেনশনের একটি।<br><br>আন্তর্জাতিক শ্রম সংস্থা:<br><br>• ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন (ILO) হল কাজের জগতের জন্য জাতিসংঘের একটি সংস্থা।<br><br>• আন্তর্জাতিক শ্রম মান নির্ধারণের মাধ্যমে সামাজিক ও অর্থনৈতিক |


| | |
|---|---|
| International Labour Organization | ন্যায়বিচারকে অগ্রসর করাই এর দায়িত্ব।<br><br>• সদর দপ্তর: জেনেভা, সুইজারল্যান্ড।<br><br>• মূল সংস্থা: জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদ। |
| আন্তর্জাতিক শ্রম সংস্থা **(ILO)** | আন্তর্জাতিক শ্রম সংস্থা:<br><br>• ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন (ILO) হল কাজের জগতের জন্য জাতিসংঘের একটি সংস্থা<br><br>•আন্তর্জাতিক শ্রম মান নির্ধারণের মাধ্যমে সামাজিক ও অর্থনৈতিক ন্যায়বিচারকে অগ্রসর করাই এর দায়িত্ব।<br><br>• সদর দপ্তর: জেনেভা, সুইজারল্যান্ড |
| **UNFPA** এর ইন্ডিয়া এজিং রিপোর্ট **2023** | প্রতিবেদনের ফলাফল<br><br>• রিপোর্টটি প্রকাশ করেছে **UN** ফান্ড ফর পপুলেশন **(UNFPA)**<br><br>• ভারতে প্রায় **18.7%** বয়স্ক লোক সবচেয়ে দরিদ্রতম সম্পদের কুইন্টাইলে বাস করে<br><br>• রিপোর্ট অনুযায়ী, ভারতের জনসংখ্যার 20% 2050 সাল নাগাদ বার্ধক্য পাবে |
| মুদুমালাই ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্র | সংরক্ষণ কেন্দ্রটি সম্পর্কিত তথ্য<br><br>• এটি **1940** সালে প্রতিষ্ঠিত হয়<br><br>• এটি পশ্চিমে ওয়েনাদ অভয়ারণ্য দ্বারা, উত্তরে বন্দিপুর জাতীয় উদ্যান এবং পূর্বে সিগুর সংরক্ষিত বন দ্বারা সীমাবদ্ধ রয়েছে।<br><br>• ময়ার নদী রিজার্ভের মধ্য দিয়ে প্রবাহিত হয় |

<table>
<tr>
<td></td>
<td>

• এটি মূলত একটি জাতীয় উদ্যান এলাকা ছিল

• পরে এটিকে ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্র হিসাবে ঘোষণা করা হয়

• এটি তিনটি রাজ্য, যেমন, কর্ণাটক, কেরালা এবং তামিলনাড়ুর ত্রি-জংশনে অবস্থিত।




তুমি কি জানতে**?**

মুদুমালাই নামের অর্থ **"**প্রাচীন পর্বতশ্রেণী**"**, এটি 65 মিলিয়ন বছরের পুরনো যখন পশ্চিমঘাট গঠিত হয়েছিল।

</td>
</tr>
<tr>
<td>নীলগিরি বায়োস্ফিয়ার রিজার্ভ</td>
<td>

সংরক্ষণ কেন্দ্রটি সম্পর্কিত তথ্য

• নীলগিরি বায়োস্ফিয়ার রিজার্ভ হল প্রথম বায়োস্ফিয়ার রিজার্ভ যা **1986** সালে ঘোষণা করা হয়েছিল।

• এটি ইউনেস্কো ওয়ার্ল্ড হেরিটেজ সাইট


• এটি তিনটি রাজ্য**,** তামিলনাড়ু**,** কর্ণাটক এবং কেরালা জুড়ে বিস্তৃত।

• একটি বায়োস্ফিয়ার রিজার্ভ

1. মুদুমালাই বন্যপ্রাণী অভয়ারণ্য,

2. ওয়ানাদ বন্যপ্রাণী অভয়ারণ্য,

</td>
</tr>
</table>

| | |
|---|---|
|  | 3. বন্দিপুর জাতীয় উদ্যান,<br><br>4. নাগরহোল জাতীয় উদ্যান,<br><br>5. মুকুরথি জাতীয় উদ্যান এবং<br><br>6. সাইলেন্ট ভ্যালি  নিয়ে গঠিত<br><br>তুমি কি জানতে**?**<br><br>এটি নীলগিরি তাহরের আবাসস্থল |
| মানি লন্ডারিং প্রতিরোধ আইন **(PMLA)** | প্রসঙ্গ<br><br>সুপ্রিম কোর্ট ছত্তিশগড়কে **PMLA**-র বিধানের বৈধতাকে চ্যালেঞ্জ করে তার পিটিশন প্রত্যাহার করার অনুমতি দিয়েছে।<br><br>মানি লন্ডারিং প্রতিরোধ আইন **(PMLA):**<br><br>• এটি অর্থপাচার প্রতিরোধ এবং অর্থপাচার থেকে প্রাপ্ত বা জড়িত সম্পত্তি বাজেয়াপ্ত করার জন্য একটি আইন।<br><br>• অর্থ মন্ত্রণালয়ের রাজস্ব বিভাগে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট **(ED) PMLA**-এর অধীনে এটি অর্থ পাচারের অপরাধ তদন্তের জন্য দায়বদ্ধ। |
| **FATF** রিপোর্ট **NGO** গুলোকে টার্গেট করে | প্রসঙ্গ<br><br>অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল অভিযোগ করেছে যে ভারতীয় কর্তৃপক্ষ FATF-এর সুপারিশকে কাজে লাগিয়ে সুশীল সমাজ গোষ্ঠীকে লক্ষ্যবস্তু করে তাদের কাজে বাধা দিচ্ছে।<br><br>অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল<br><br>• অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল (AI) একটি বেসরকারি সংস্থা।<br><br>• এর সদর দপ্তর যুক্তরাজ্যে অবস্থিত<br><br>• এটি মানবাধিকারের উপর দৃষ্টি নিবদ্ধ করে। |

| | |
|---|---|
| ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স **(FATF)** | **FATF** সম্পর্কিত তথ্য<br><br>• ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স (FATF) একটি আন্তঃসরকারি সংস্থা।<br><br>• এটি **1989** সালে প্যারিসে অনুষ্ঠিত **G7** শীর্ষ সম্মেলনের মাধ্যমে গঠিত হয়েছিল।<br><br>• এটি মূলত অর্থপাচার প্রতিরোধের জন্য প্রতিষ্ঠিত হয়েছিল।<br><br>• পরবর্তীতে সন্ত্রাসী অর্থায়ন এবং অন্যান্য সম্পর্কিত হুমকির উপর লক্ষ্য রাখে।<br><br>• বর্তমানে এর **39** সদস্য রয়েছে।<br><br>• FATF হল একটি নীতি-নির্ধারক সংস্থা যা এইসব ক্ষেত্রে জাতীয় আইন এবং নিয়ন্ত্রক সংস্কার আনতে সরকারের সাথে কাজ করে। |

***Copyright © by Adda247***
*All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording or otherwise, without prior permission of Adda247.*